দামুড়হুদা কার্পাসডাঙ্গায় আইএফআইসি ব্যাংকের উদ্বোধন

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে তেল পাম্পের সামনে আইএফআইসি ব্যাংকের উদ্বোধন করা হয়েছে সোমবার সকাল ১০ টার দিকে।

সব ব্যাংকিং সেবা নিয়ে আই এফ আইসি ব্যাংক এখন আপনার দোরগোড়ায় এ শিরোনাম সামনে রেখে আইএফআইসি ব্যাংকের শুভ উদ্বোধন করা হয়।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আঃকরিম বিশ্বাস।

এসময় আরো উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা জনতা ব্যাংক শাখার ম্যানেজার মোজাফ্ফর হোসেন,কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আলমগীর রাসেল,সাংগঠনিক সম্পাদক তুহিন আক্তার, আইএফ আইসি ব্যাংকের দর্শনা শাখার ম্যানেজার সোহরাব হোসেন ,অফিসার এস এম সাব্বির আহমেদ,কার্পাসডাঙ্গা ব্যাংক ইনচার্জ মাজহারুল ইসলাম,অফিসার রাকিব আহমেদ,সাংবাদিক আতিয়ার রহমান,মেহেদী হাসান মিলন,শরীফ রতন,সাজিবার মেম্বর,দেলোয়ারা খাতুন, আনেহার সহ এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ সহ বিভিন্ন ব্যাংক ও এনজিও সংস্থার কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের বারাদীতে আইএফআইসি ব্যাংকের উপশাখার উদ্বোধন

মেহেরপুরের বারাদীতে উত্তম গ্রাহক সেবায় প্রত্যয়ে পূর্ণাঙ্গ ব্যাংকিং সুবিধা নিয়ে আইএফআইসি ব্যাংকের ১০১৪তম উপশাখার উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর ১২ টায় বারাদী বাজারের আন্নাচ নিউ মার্কেট দ্বিতীয় তলায় আইএফআইসি ব্যাংকের উপশাখার উদ্বোধন করা হয়। বারাদী বাজার উপশাখার ম্যানেজার সোহরাব হোসেন এর সভাপতিত্বে প্রধান

অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দর্শনা শাখার অফিসার এস এম সাব্বির আহমেদ, বারাদী উপশাখার ইনচার্জ ইমরান হোসেন, টিএসও মনিলুর রহমান।এছাড়া উপস্থিত ছিলেন বারাদী বাজার কমিটির সভাপতি হাজী লিয়াকত আলী সর্দার, সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান, বারাদী বাজারের ব্যবসায়ীসহ অত্র এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

বামন্দীতে আইএফআইসি ব্যাংকের উপশাখার উদ্বোধন

গাংনী উপজেলার বামন্দী বাজারে আইএফআইসি ব্যাংকের উপ-শাখার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

বুধবার দুপুর ১২টার দিকে বামন্দী বাজারের বিশ্বাস টাওয়ারের দ্বিতীয় তলায় ব্যাংকের এই উপশাখার উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন,আইএফআইসি ব্যাংকের কুষ্টিয়া শাখার ব্যবস্থাপক হাসানুর রহমান।

বামন্দী বাজারের স্থানীয় ব্যবসায়ি মহাম্মদ জালাল উদ্দীন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতা কেটে ব্যাংকের উপশাখাটির উদ্বোধন করেন ।

উদ্বোধনী বিশেষ অতিথির বক্তব্য রাখেন বামন্দী বাজারের ব্যবসায়ি আব্দুল মালেক চপল বিশ্বাস, হাজী মহাম্মদ ইছার উদ্দীন।
বীর মুক্তিযাদ্ধো ও আইএফআইসি ব্যাংকের সাবেক কর্মকর্তা মতিউর রহমানের পরিচালনায়-অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন হাজী মহাম্মদ আব্দুর সাত্তার, আশরাফুল হক, বামন্দী বাজার কমিটির সভাপতি আমিরুল ইসলাম, হাজী মহাম্মদ মতিয়ার রহমান, বীর মুক্তিযোদ্ধা মোফাজ্জল হক, আশরাফুল হক, রাশিদুল ইসলাম সোহাগ, প্রভাষক রবিউল ইসলাম প্রমুখ।